

স্মারক নং- উমাশিপ্রই, ময়মন/প্রশিঃ/২০১৭/


তারিখ:

বিষয়ঃ উচ্চ মাধ্যমিক শিক্ষকদের বিষয় ভিত্তিক (জীববিজ্ঞান ও হিসাববিজ্ঞান) প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গে।

উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (এইচ.এস.টি.টি.আই) ময়মনসিংহ পরিচালিত আগামী ০৯/০৪/২০১৭ খ্রিঃ তারিখ হতে ১৮/০৫/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য ৭৬তম বিষয় ভিত্তিক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে আপনাকে মনোনীত করা হলো। অধ্যক্ষ-এর নিকট হতে ব্যক্তিগত ইনডেক্স এবং প্রতিষ্ঠানের EIIN ছাড়পত্রে উল্লেখসহ যথাযথ অনুমতিপত্র সংগ্রহপূর্বক আপনাকে ০৮/০৪/১৭ তারিখ রাত ৮.০০ টার মধ্যে (আবুল মনসুর সড়ক, ময়মনসিংহ সার্কিট হাউজ মাঠ/লোহার কুটির টিটি কলেজ সংলগ্ন) উপস্থিত হয়ে হোস্টেলে রিপোর্ট করতে অনুরোধ করা হলো। বি.দ্র: নবস্ট পদে (MPO বিহীন) নিয়মিত নিয়োগপ্রাপ্ত প্রভাষকগণ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন।

প্রশিক্ষণ সংক্রান্ত কতিপয় নিয়মাবলী :

- ১। মনোনীত শিক্ষকের প্রশিক্ষণ গ্রহণ বাধ্যতামূলক।
- ২। অধ্যক্ষ কর্তৃক ছাড়পত্র, সদ্য তোলা ০৩ কপি সত্যায়িত ছবি (পাসপোর্ট ০২ কপি এবং স্ট্যাম্প সাইজ ০১ কপি) এবং সনদপত্রের অনুলিপি (এস.এস.সি./সমমান ও মাস্টার্স/সমমান) ০৯/০৪/১৭ তারিখ সকাল ০৯:০০ টায় নিবন্ধনকালে জমা দিতে হবে।
- ৩। হোস্টেলে থাকা, খাওয়া ও হোস্টেল সংক্রান্ত নিয়মাবলী মেনে চলা বাধ্যতামূলক এবং বিধি মোতাবেক সিট ভাড়া কর্তন করা হবে। প্রশিক্ষণার্থীর সাথে পোষ্য/অন্য কাউকে হোস্টেলে থাকার অনুমতি দেয়া হবে না। বিছানাপত্র আনতে হবে না। তবে পুরুষের জন্য গাঢ় রং এর প্যান্ট, সাদা ফুল শার্ট, টাই, সু, মহিলাদের জন্য মার্জিত পোশাক এবং পিটির জন্য পুরুষদের সাদা ট্রাউজার, সাদা গেঞ্জি, সাদা পিটি সু ও মহিলাদের জন্য সাদা সেলোয়ার-কামিজ, সাদা পিটি সু আনতে হবে। এ ছাড়া উচ্চ মাধ্যমিক স্তরে আপনার বিষয়ে পাঠদানকৃত পাঠ্যবই আনতে হবে।
- ৪। সরকারের জারীকৃত সর্বশেষ বিধি-বিধান মোতাবেক দৈনিক ভাতা, যাতায়াত ভাতা, শিক্ষাসফর ভাতা, বইভাতা ও পিটি ড্রেস ভাতা বিল পাস (হিসাব রক্ষণ অফিস কর্তৃক) সাপেক্ষে প্রদান করা হবে।
- ৫। বিল প্রাপ্তির পূর্ব পর্যন্ত হোস্টেলের ব্যয় নির্বাহের জন্য প্রত্যেককে কমপক্ষে ৪০০০.০০ (চার হাজার) টাকা সঙ্গে আনতে হবে।
- ৬। ইতোপূর্বে উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, ময়মনসিংহ/বরিশাল/কুমিল্লা/খুলনা/রাজশাহী এর যে কোনটিতে তিন (০৩) বৎসরের মধ্যে এ ধরনের কোর্সে অংশগ্রহণ করে থাকলে এ কোর্সে অংশগ্রহণ করা যাবে না।
- ৭। প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণসংক্রান্ত যাবতীয় নিয়ম-কানুন ও শৃংখলা মেনে চলতে হবে।
- ৮। কোন প্রকার ছুটি প্রশিক্ষণ চলাকালীন অনুমোদনযোগ্য হবে না। প্রয়োজনে সাপ্তাহিক ও অন্যান্য ছুটির দিনেও প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাবলী পরিচালিত হতে পারে।
- ৯। গ্রহণযোগ্য কারণ ব্যতীত মনোনীত কোন শিক্ষকের প্রশিক্ষণে অনুপস্থিত থাকার সুযোগ নেই। এর ব্যত্যয় ঘটলে বিগত ২৯/০৮/২০১৩ ইং তারিখের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের অনুচ্ছেদ ১৮ মোতাবেক “কারণ দর্শাও নোটিশ এবং বেতন ভাতা বন্ধের” সম্মুখীন হতে হবে।
- ১০। কোন শিক্ষক গুরুতর অসুস্থ্য/ অস্তঃসত্ত্বা/হাসপাতালে ভর্তি/চিকিৎসাধীন থাকলে অবশ্যই আমন্ত্রণপত্র প্রাপ্তির চার (০৪) দিনের মধ্যে প্রশিক্ষণে অংশগ্রহণে অপারগতা জানিয়ে চিকিৎসকের সনদ, গভর্নিং বডি কর্তৃক ছুটি মঞ্জুরের রেজুলেশনের ফটোকপি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ অধ্যক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীকে পত্র মারফত অবহিত করতে হবে।
- ১১। প্রয়োজনে অতিরিক্ত পরিচালক, মোবাইল নং-০১৫৩৬২২৬৯২২ এবং কোর্স কো-অর্ডিনেটর মোবাইল ~~০১৭২৭৩৮৩১৪২~~ ও ০১৭১৬৪৫৮০৮৩-এ যোগাযোগ করা যেতে পারে।
- ১২। হোস্টেল সংক্রান্ত বিষয়ে হোস্টেল সুপার-এর মোবাইল নং-০১৭১৫০২৬২৮১-এ যোগাযোগ করা যেতে পারে।



(প্রফেসর আজিজ আহমেদ সাদেক রেজা)
পরিচালক
উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট
ময়মনসিংহ।

প্রাপকঃ জনাব,.....
প্রভাষক/সহকারী অধ্যাপক/ জীববিজ্ঞান/ হিসাববিজ্ঞান

স্মারক নং- উমাশিপ্রই, ময়মন/প্রশিঃ/২০১৭/ ২৫৫৭
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

তারিখ : ০৫/৩/১৭

১. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।]
২. অধ্যক্ষ.....
(প্রশিক্ষণ কোর্সটি বাধ্যতামূলক বিধায় মনোনীত শিক্ষককে ছাড়পত্র প্রদানে অনুরোধ করা হলো। বর্ণিত শিক্ষক কর্মরত না থাকলে অথবা চিকিৎসা ছুটিতে থাকলে একই বিষয়ে প্রশিক্ষণ বিহীন বিকল্প একজন MPO ভুক্ত সর্বোচ্চ ৫৫ বৎসর বয়সের শিক্ষককে প্রশিক্ষণে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।)
৩. সংরক্ষণ নথি।